# হজে প্রদত্ত নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামের ফাতাওয়া

বিভাগ/অধ্যায়ঃ নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রদত্ত ফাতাওয়াসমূহ

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

ফাতওয়া: ২৩

আনাস রাদিয়াল্লাহু আনহু বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লামকে জনৈক নারী সম্পর্কে জিজ্ঞেস করা হয়, যে খালি পায়ে ও খালি মাথায় হেঁটে বায়তুল্লাহ গমন করার মান্নত করেছে? নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাকে নির্দেশ দেন: “সওয়ার হও, মাথায় কাপড় পরিধান কর এবং তিন দিন সিয়াম রাখ”[1]।[2]

## ফুটনোট

[1] আবু দাউদ ও তিরমিযী। [দুর্বল সনদ]

[2] হাফেয ইবন হাজার বলেন: উকবার বোন হাঁটতে সক্ষম ছিল, তাই তাকে তিনি কাফফারার কথা বলেন নি, কিন্তু আনাসের হাদীসে উল্লিখিত নারী হাঁটতে সক্ষম নয়, তাই তাকে বাহনে চড়ার নির্দেশ দেন ও কাফফারা আদায় করতে বলেন। কারণ, সে হাঁটার (ইবাদতের) মান্নত করেছে যা তার পক্ষে সম্ভব নয়, অতএব তার বিনিময়ে সে কাফফারা দিবে। -অনুবাদক।

তবে শাইখ আলবানী বলেন, হাদীসটির সনদ দুর্বল। [সম্পাদক]

Source — https://www.hadithbd.com/books/link/?id=10546

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন